# বাসাইল পৌরসভা কার্যালয়
## বাসাইল, টাঙ্গাইল।

### সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. শাহ্‌রুখ খান, প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
সভার তারিখ : ০৪ ডিসেম্বর ২০২৪।
সভার বার : বুধবার।
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান : বাসাইল পৌরসভা মিলনায়তন।
উপস্থিতি : হাজিরা খাতায় সংরক্ষিত।

অদ্যকার সভা বাসাইল পৌরসভার প্রশাসক জনাব মো. শাহ্‌রুখ খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতে সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করতে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেবকে অনুরোধ করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|
| ০১ | গত ০৬ নভেম্বর ২০২৪, অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সকলকে শুভেচ্ছা জানান। তিনি সবাইকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না আসায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০২ | ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, দেশে এখনও ডেঙ্গু রোগের প্রদুর্ভাব রয়েছে। বাসাইল পৌর এলাকা ডেঙ্গু মুক্ত রাখতে সরকারি নির্দেশনা মেনে যেসব কার্যক্রম চলছে তা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে মানুষকে সচেতন রাখতে প্রচারণা চালিয়ে যেতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় বাসাইল পৌর এলাকা ডেঙ্গু রোগমুক্ত রাখতে পৌরবাসীর সচেতনতা বৃদ্ধিতে প্রচারণা চালানো, মশার উৎপত্তিস্থল ধ্বংসকরণ, স্প্রে প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা/ সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা । |
| ০৩ | পৌর এলাকার বিভিন্ন ভাঙা রাস্তা মেরামত ও জনসাধারণের চলাচলের সুবিধার্থে বাঁশের সাঁকো স্থাপন প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, বাসাইল পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে রাস্তায় বিশেষ করে মরাগাঙ্গী নদীতে পানি থাকার কারণে জনসাধারণের চলাচলে দুর্ভোগ পোহাতে হচ্ছে। অনেকেই ওইসব এলাকায় বাঁশের সাঁকো স্থাপন করার জন্য অনুরোধ করেছেন। এছাড়া বিভিন্ন রাস্তা ভেঙে যাওয়ার কারণেও যানবাহনসহ স্থানীয়রা চলাচল করতে পারছেন না। এ বিষয়ে পদক্ষেপ নেয়া জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় পৌর এলাকার সকল ওয়ার্ডে সরেজমিন পরিদর্শন করে জনসাধারণের চলাচলের সুবির্ধার্থে অগ্রাধিকার ভিত্তিতে বাঁশের সাঁকো স্থাপন ও ভাঙা রাস্তা দ্রুত মেরামত পূর্বক পৌর রাজস্ব তহবিল থেকে ব্যয় মেটানোর সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |
| ০৪ | চলমান উন্নয়মূলক কাজের অগ্রগতি প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, বাসাইল পৌর এলাকায় চলমান উন্নয়ন কাজগুলোর মধ্যে লোকাল গভর্নমেন্ট কোভিট-১৯ রেসপন্স অ্যান্ড রিকভারি প্রজেক্ট | বিস্তারিত আলোচনায় পৌর এলাকায় উন্নয়ন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয়দের সঙ্গে আলোচনা করে | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (এলজিসিআরআরপি) শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কাজগুলোর ৬০ ভাগ অগ্রগতি হয়েছে। অন্যান্য সকল প্রকল্পের কাজও একই গতিতে এগিয়ে চলছে। কোন কোন প্রকল্পের কাজ শতভাগ হয়েছে। তবে কয়েকটি প্রকল্পের কাজ বাস্তবায়ন করার সময় জমি কিংবা সীমানা সংক্রান্ত কিছু জটিলতা সৃষ্টি হচ্ছে। অনেকে রাস্তার উপর ঘর তৈরি করে রেখেছেন। ফলে ঠিকাদার কাজে বাঁধার সম্মুখীন হচ্ছেন। এ বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন।<br>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, যেসব প্রকল্প বাস্তবায়নে জনসাধারণের জমি কিংবা সীমানা সংক্রান্ত জটিলতা সৃষ্টি হয় সেই সব প্রকল্প সংলগ্ন জমির মালিকদের সঙ্গে আলোচনা করতে হবে। রাস্তার উন্নয়ন হলে এলাকারই সুবিধা এ বিষয়ে তাদের বুঝিয়ে উন্নয়ন কাজ বাস্তবায়ন করতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | |
| ০৫ | বিবিধ | ক. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সভাকে জানান, আগামী ১৪ ডিসেম্বর ২০২৪, শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর ২০২৪, মহান বিজয় দিবস উদযাপন করা হবে। দিবস দুইটি আমাদের দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইতিমধ্যে যথাযোগ্য মর্যাদার মধ্য দিয়ে দিবস দুইটি পালনের নিমিত্তে গত ১৭ নভেম্বর ২০২৪, টাঙ্গাইল জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে এবং গত ০৩ ডিসেম্বর ২০২৪, বাসাইল উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতি মূলক সভা অনুর্ষ্ঠিত হয়েছে। তিনি সভায় উক্ত দুইটি সভার কার্যবিবরনী সকলের অবগতির জন্য উপস্থাপন করেন। তিনি সভাকে আরও জানান, প্রতিবছর দিবস দুইটির মধ্যে উপজেলা প্রশাসনের সঙ্গে মিল রেখে শহীদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবস উপলক্ষে শুভেচ্ছা গেইট তৈরি, বাসাইল কেন্দ্রীয় স্মৃতিসৌধ ও শহীদদের কবরস্থান রংকরণ, পুস্পস্তবক অর্পণ, পৌরভবন ও আশেপাশে আলোকসজ্জাকরণ এবং ড্রপডাউন ব্যানারসহ নানাভাবে পৌরভবন সজ্জিত করা হয়।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>খ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সভাকে জানান, সরকারের কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ইতিপূর্বে ৮৮৬ জন কৃষককে গম, ভুট্টা, সূর্যমুখী, মুশুর, খেশারী ও সরিষা বীজ দিতে গত ০৬ নভেম্বর ২০২৪, অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষকদের তালিকা প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। বাসাইল পৌর এলাকার ২২৬ জন কৃষককে কৃষি প্রণোদনা সহায়তা কর্মসূচীর আওতায় ২ কেজি করে হাইব্রিড ধানের বীজ দেয়া হবে। তাদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>গ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, বাসাইল পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক কাজের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ, দরপত্র ও | ক. বিস্তারিত আলোচনায় উপজেলা প্রশাসনের সঙ্গে মিল রেখে ১৪ ডিসেম্বর ২০২৪, যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালন, ১৬ ডিসেম্বর ২০২৪, মহান বিজয় দিবস উপলক্ষে বাসাইল কেন্দ্রীয় স্মৃতিসৌধ ও শহীদদের কবরস্থান রংকরণ, পুস্পস্তবক অর্পণ, নানা রংয়ের বাতি দিয়ে পৌরভবন ও আশেপাশে আলোকসজ্জা করণ, ব্যানার ও শুভেচ্ছা গেইট তৈরিসহ সরকারি সকল কর্মসূচী পালনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ. বিস্তারিত আলোচনায় পৌর এলাকায় দাযিত্বপ্রাপ্ত উপসহকারি কৃষি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে কৃষকের তালিকা প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ করতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>গ. বিস্তারিত আলোচনায় দরপত্র ও প্রস্তাব উন্মুক্তরণ কমিটিতে উপজেলা | ক. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা।<br>খ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা।<br>গ. পৌর নির্বাহী কর্মকর্তা/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাব মূল্যায়ন কমিটি ইতিপূর্বে গঠন করা হয়েছিল। কিন্তু পৌর পরিষদ না থাকার কারণে তা পূনর্গঠন করা জরুরী। একই সঙ্গে পৌর এলাকার বিভিন্ন স্থানে মরা, ঝড়ে উপড়ে পড়া পরিপক্ক, বিনষ্টযোগ্য এবং উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য কর্তণযোগ্য গাছ নিলামের মাধ্যম বিক্রয়ের নিমিত্তে কমিটির সদস্য হিসেবে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তার মনোনীত প্রতিনিধি, বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা মনোনয়নে পদক্ষেপ গ্রহণ ও একজন কাউন্সিলর মনোনয়ন করা জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | প্রকৌশলীকে আহ্বায়ক, পৌর নির্বাহী কর্মকর্তাকে সদস্য এবং পৌরসভার সহকারি প্রকৌশলীকে সদস্য সচিব মনোনীত করা হয়। দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিতে স্থানীয় সরকার বিভাগ, পৌর ১ শাখার স্মারক নম্বর ৪৬.০০.০০০০.০৬৩.২২.০০১.১৭-৮৩৫, তারিখ : ১৮.০৬.২০১৭, মোতাবেক অন্য সদস্যদের ঠিক রেখে পৌরসভা কার্যালয়ে প্রধান নির্বাহী ও নির্বাচিত পৌর পরিষদ না থাকায় বাসাইল পৌরসভার সহকারি প্রকৌশলী কে আহ্বায়ক, বাসাইল উপজেলা প্রকৌশলী, বাসাইল থানার অফিসার ইন-চার্জ ও উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে সদস্য এবং পৌরসভার উপসহকারি প্রকৌশলীকে সদস্য সচিব মনোনীত করা হয়। এছাড়া গাছ নিলামের মাধ্যম বিক্রয়ের নিমিত্তে কমিটিতে কাউন্সিলর সদস্য হিসেবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কে মনোনয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |
| | | ঘ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক বলেন, বাসাইল পৌর পাবলিক মার্কেটের নীচতলার দোকানগুলো বরাদ্দ দিতে গত ০৬ নভেম্বর ২০২৪, অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তের প্রচারণার অংশ হিসেবে মাইকিং করা হয়েছে। কিন্তু কোন আগ্রহী পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে ব্যপক প্রচারণা চালানোসহ পদক্ষেগ গ্রহণ করা দরকার।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | ঘ. বিস্তারিত আলোচনায় দোকান বরাদ্দ দিতে মাইকিং করাসহ ব্যপক প্রচারণা চালানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | ঘ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |
| | | ঙ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক বলেন, বাসাইল পৌর এলাকায় অন্তবর্তীকালীন কর নির্ধারণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি অর্থ বছরে নতুন বাড়ি নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে ওইসব স্থাপনার মধ্যে ২৫টি বাড়ির তথ্য সংগ্রহ করে কর নির্ধারণপূর্বক এ বিষয়ে আপত্তি রয়েছে কিনা তা জানতে হোল্ডিং মালিকদের পত্র প্রেরণ করা হয়েছে। তারা নির্ধারিত কর কমানোর জন্য আপত্তি দাখিল করেছেন। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | ঙ. বিস্তারিত আলোচনায় আপত্তি দাখিলকৃত হোল্ডিং মালিকদের শুনানী গ্রহণ করে কর নির্ধারণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | ঙ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
চ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারের বার্ষিক উন্নয়ন তহবিল থেকে বাসাইল পৌর এলাকায় উন্নয়ন কাজ বাস্তবায়নের নিমিত্তে কিছু প্রকল্প প্রস্তুত করা হয়েছে। যার অগ্রাধিকার তালিকা প্রস্তুত পূর্বক কাজ বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা দরকার।<br>
আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, বাসাইল পৌরসভার অনুকুলে সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থসহ সকল সম্পদ ব্যবহারে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাসাইল পৌরসভার অনুকুলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাতওয়ারী অর্থ বিভাজনের বিষয়টি গুরুত্ব দিতে হবে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এলাকাবাসীর সঙ্গে আলোচনা করে জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন, পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থানে সড়ক বাতি স্থাপন, বৃক্ষরোপনে প্রকল্প গ্রহণ ও বর্ষাকালে জনদুর্ভোগ কমাতে প্রয়োজনীয় স্থানে পানি নিস্কাশনের জন্য প্রকল্প গ্রহণ করা যেতে পারে।<br>
আলোচনায় অংশ নিয়ে থানার অফিসার ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, পৌর এলাকার নিরাপত্তার স্বার্থে সড়ক বাতি স্থাপনটি খুবই জরুরী। এছাড়া পৌর ভবন রং করণসহ হলরুমটিও সংস্কার করা প্রয়োজন।<br>
সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম সরকারের বার্ষিক উন্নয়ন তহবিল থেকে উন্নয়ন কাজ বাস্তবায়নের নিমিত্তে প্রাথমিকভাবে বর্ণীত প্রকল্পগুলোর সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>নং</th><th>প্রকল্পের নাম</th></tr>
<tr><td>০১</td><td>০৪ নং ওয়ার্ডে বাসাইল-টাঙ্গাইল মেইন রাস্তা হতে শাহ্জাহান তামান্না মাদ্রাসা পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>০২</td><td>০৩ নং ওয়ার্ডে বাসাইল-মাইজখাড়া রাস্তা হতে জাহাঙ্গীর সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>০৩</td><td>০৮ নং ওয়ার্ডে বাসাইল-পাথরঘাটা রাস্তা হতে আহলে হাদীস মসজিদের রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>০৪</td><td>০৩ নং ওয়ার্ডে বাসাইল খাল পাড়া রাস্তা হতে মো: সুমন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>০৫</td><td>০৩ নং ওয়ার্ডে বাসাইল পশ্চিম পাড়া বায়তুস সালাম (ছাতা) জামে মসজিদের কবরস্থানের রাস্তা ও কবরস্থানে মাটি ভরাট দ্বারা উন্নয়ন।</td></tr>
<tr><td>০৬</td><td>০৪ নং ওয়ার্ডে বাসাইল কলেজ পাড়া বাসাইল টাঙ্গাইল মেইন রোড হতে মোঃ এনামুল করিম মিঞা এর বাড়ী পর্যন্ত নতুন রাস্তা নির্মান।</td></tr>
<tr><td>০৭</td><td>০৭ নং ওয়ার্ডে বাসাইল পূর্বপাড়া সার্বজনীন শ্রী শ্রী দূর্গা মন্দির হইতে গৌরাঙ্গ মোহন সরকার এর বাড়িস্থ শ্রী শ্রী শিব মন্দির পর্যন্ত রাস্তাটিতে এইচ বিবি নির্মান করন।</td></tr>
</table>
</td>
<td>চ. বিস্তারিত আলোচনায় উপস্থাপিত প্রকল্পগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ এলাকাবাসীর চাহিদার প্রেক্ষিতে আরও প্রকল্প তালিকা প্রস্তুত পূর্বক অগ্রাধিকার তালিকা প্রণয়ন পূর্বক প্রকল্পের প্রাক্কলন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো।</td>
<td>চ. সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা।</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ০৮ | বাসাইল পৌরসভা মিলনায়তন মেরামত করন। | | |
| | | ০৯ | বাসাইর পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থান বা গুরুত্বপূর্ন রাস্তার মোড়ে সড়কবাতি স্থাপন। | | |
| | | ১০ | বাসাইল পৌর এলাকার বিভিন্ন রাস্তার বৃক্ষরোপন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

-১২-২০২৫
(মো. শাহ্‌রুখ খান)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-০৮(অংশ-১)/২০১৫-৮৫৮ তারিখ : ০৪ ডিসেম্বর ২০২৪।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. জনাব ........................................................................................, সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৪. পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৫. হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. অফিস নথি।

-১২-২০২৫
(মো. শাহ্‌রুখ খান)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।